দৈনিক
আমাদের সময়

তারিখ ... 01 OCT 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

### গাড়িসংকট ও আ.লীগের কর্মসূচি

# ভোগান্তিতে বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার্থী ও চাকরিপ্রত্যাশীরা

**নিজস্ব প্রতিবেদক ●**
ঢাকা ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ স্নাতকের ভর্তি পরীক্ষা এবং বিসিএস পরীক্ষা ছিল গতকাল শুক্রবার। এ জন্য দেশের বিভিন্ন প্রান্ত থেকে ঢাকায় এসেছেন অনেক পরীক্ষার্থী ও অভিভাবক। কিন্তু ছুটির দিনে যানবাহন কম থাকায় এবং দুপুরের পর আওয়ামী লীগের কর্মসূচির কারণে যানজটে পড়ে চরম দুর্ভোগ পোহাতে হয়েছে তাদের।

ঢাকা ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সি-ইউনিটে ভর্তি পরীক্ষা দিতে বাবার সঙ্গে গতকাল বরিশাল থেকে ঢাকায় এসেছেন রাদিয়া নুসরাত। উঠেছেন মিরপুরের এক আত্মীয়ের বাসায়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা ছিল সকাল ১০টায়। তাই সকাল আটটার মধ্যেই তারা বাসা থেকে বের হয়ে পড়েন। মিরপুর ১০ নম্বর এসে বাস পেতে তাদের বেশ অপেক্ষা করতে হয়। এক-দুটি বাস আসলেও তাতে অতিরিক্ত যাত্রী থাকায় তারা উঠতে পারছিলেন না। প্রায় আধাঘণ্টা পর অনেক চেষ্টা করে একটি বাসে উঠতে সক্ষম হন তারা। এমন ভোগান্তিতে পড়েন আরও অনেক পরীক্ষার্থীসহ অনেক যাত্রী।

শুক্রবার ছুটির দিন হওয়ায় রাজধানীর রাস্তাঘাট কিছুটা ফাঁকা থাকে। যানবাহনও থাকে কম। কিন্তু গতকাল দুই বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা ও বিসিএস পরীক্ষা থাকায় ঢাকায় পরীক্ষার্থী ও অভিভাবকদের একটা চাপ তৈরি হয়। এতে যাবাহনের সংকট দেখা দেয়। ভোগান্তিতে পড়েন ভর্তিচ্ছু শিক্ষার্থী ও বিসিএসে চাকুরিপ্রত্যাশীরা। এ বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'গ' ইউনিটে ১ হাজার ২৫০ আসনের বিপরীতে ৪২ হাজার ১৪৭ জন ভর্তিচ্ছু পরীক্ষা দেন। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের ভেতরে ও বাইরের মোট ৫৫টি কেন্দ্রে এরপর পৃষ্ঠা ৯ কলাম ৩

## ভোগান্তিতে বিশ্ববিদ্যালয় ভর্তি

(৩ এর পৃষ্ঠার পর) পরীক্ষা দেন তারা। সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত পরীক্ষা চলে। এ ছাড়া সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত চলে ৩৭তম বিসিএসের প্রিলিমিনারি পরীক্ষা। ২ লাখ ৪৩ হাজার ৪৭৬ পরীক্ষার্থীর অধিকাংশই ঢাকার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কেন্দ্রে পরীক্ষা দেন। পরবর্তীকালে বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত অনুষ্ঠিত হয় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা। ২৭ হাজার ৮১৬ শিক্ষার্থী এ পরীক্ষায় অংশ নেন। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার সময়ে সরকারি দলের বড় কর্মসূচি থাকায় পরীক্ষার্থীদের বেশ ভোগান্তিতে পড়তে হয়। গণপরিবহন সংকটের পাশাপাশি দীর্ঘ যানজটে দুর্ভোগ পোহাতে হয় তাদের। এ ছাড়া সাধারণ মানুষও বেশ ভোগান্তিতে পড়েন।

প্রসঙ্গত, জাতিসংঘের ৭১তম অধিবেশনে যোগদান ও কানাডা সফর শেষে গতকাল সন্ধ্যায় দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ জন্য আওয়ামী লীগের পক্ষ থেকে তাকে গণসংবর্ধনা দেওয়া হয়। গণভবন থেকে বিমানবন্দর পর্যন্ত হাজার হাজার নেতাকর্মীর উপস্থিতি ও সড়কে ব্যানার-ফেস্টুন নিয়ে মিছিল করার কারণে বিমানবন্দর থেকে গণভবনে আসার সড়কে যানচলাচল সীমিত হয়ে পড়ে। এতে বিমানবন্দর এলাকা থেকে টঙ্গী পর্যন্ত এবং বিজয় সরণি থেকে মৎস্য ভবন পর্যন্ত দীর্ঘ যানজট দেখা দেয়। এ ছাড়া মানিক মিয়া অ্যাভিনিউয়ের এক পাশে যানচলাচল বন্ধ থাকায় সাধারণ মানুষকে ভোগান্তিতে পড়তে হয়।